# অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন

## মন্ত্রণালয়/বিভাগের নাম-বিআইডব্লিউটিএ

মাসের নামঃ মার্চ/২০২৫

| পূর্ব মাসের অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগ | | মোট অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্রযোগে | অনলাইনে | | | | | |
| ৩টি | নাই | ২টি | ৫টি | ৪টি | ১টি | বর্তমান মাসে নিষ্পত্তিকৃত ৪টি অভিযোগের বিবরণঃ<br><br>০১। ট্রাকিং নম্বর-১৯২০১৭৬৯১৫০০১৬ তারিখঃ ০২/০৩/২০২৫ এর মাধ্যমে জনাব নজরুল ইসলাম (মোবাইল নং-০১৯২০১৭৬৯১৫) কর্তৃক বিআইডব্লিউটিএ'র অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress System-GRS) আওতায় একটি অভিযোগ দাখিল করা হয়। অভিযোগ পত্রে উল্লেখ করা হয় যে, তিনি গ্রীজার পদে (Circular no1/2020) পদে ভাইভা পরীক্ষাদিয়েও চাকুরী পাননি। তার রোল নং-2988. সে সময় দুর্নীতি, বৈষম্য ও দলীয়করণ এর মাধ্যমে অনেকেই চাকুরী পেয়ে যায়। তিনি হত দরিদ্র পরিবারের সন্তান হওয়ায় বঞ্চিত হন। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। অভিযোগের প্রেক্ষিতে মতামত এই যে, আপনার অভিযোগ পত্রে নিয়োগ বিজ্ঞপ্তি নং-০১/২০২০ এর গ্রীজার পদে মৌখিক পরীক্ষার রোল নং-২৯৮৮ উল্লেখ করেন। উল্লিখিত রোল নম্বরের কোন প্রার্থী লিখিত পরীক্ষার উর্ত্তীণ হয়নি। পত্রের শেষাংশে যে রোল নম্বর উল্লেখ করা হয়েছে সে নম্বরে লিখিত পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত হয়নি এবং ভাইভাতেও সর্বোচ্চ নম্বর প্রাপ্ত হয়নি। আপনার চেয়ে লিখিত পরীক্ষায় যে বেশী নম্বর পেয়েছে তিনি নিয়োগ প্রাপ্ত হয়েছেন। এক্ষেত্রে যথাযথ বিধি-বিধান অনুসরনে নিয়োগ প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, গত ১৭/০৩/২০২৫ তারিখ অভিযোগটি অনলাইনে নিষ্পত্তি করে নথিজাত করা হয়।<br><br>২। ট্রাকিং নম্বর-১৬১৯৭৮৮০৬৩০০১ তারিখঃ ১৯/০১/২০২৫ এর মাধ্যমে জনাব মাহমুদ হাসান (মোবাইল নং-০১৬১৯৭৮৮০৬৩) কর্তৃক বিআইডব্লিউটিএ'র অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress System-GRS) আওতায় একটি অভিযোগ দাখিল করা হয়। অভিযোগ পত্রে উল্লেখ করা হয় যে, পটুয়াখালী সদর ও মির্জাগঞ্জের মধ্যে পায়ড়াকুঞ্জ ফেরী ঘাটে খেয়াতে ভাড়ার তালিকায় ১০ টাকা উল্লেখ থাকলেও ভাড়া আদায় করা হচ্ছে ২০ টাকা। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। অভিযোগের প্রেক্ষিতে মতামত এই যে, পায়রাকুঞ্জ ফেরীঘাট সংলগ্ন খেয়াঘাটটি জেলা পরিষদ থেকে ইজারা প্রদান করা হয়। অভিযোগে উল্লিখিত স্থানের খেয়াঘাটগুলো বিআইডব্লিউটিএ'র আওতাধীন নয়। এমতাবস্থায়, গত ১৭/০৩/২০২৫ তারিখ অভিযোগটি অনলাইনে নিষ্পত্তি করে নথিজাত করা হয়। | নাই |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ৩। ট্রাকিং নম্বর-১৮৫১১০৫৮০৪০০০১ তারিখঃ ০১/০২/২০২৫ এর মাধ্যমে জনাব মোঃ শামিউল ইসলাম (মোবাইল নং-০১৮৫১১০৫৮০৪) কর্তৃক বিআইডব্লিউটিএ'র অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress System-GRS) আওতায় একটি অভিযোগ দাখিল করা হয়। অভিযোগ পত্রে উল্লেখ করা হয় যে, Sir. I'am z resident of z small town called Salanga. It comes under the Sirajganj district and Ullapra Upazila and has its own Salanga Thana. it's situated at the heart of Sirajganj as its very close to Dhaka-Rajshahi & Bogura-pabna highway. Salanga has its own rich history way rose in the British and Pakistan era. Salanga Was one of the first place who rose voice against the British. I don't wanna extend it. so let's get to the point. Some of the powerful and rich people of salanga has occupied govt river side land for a long time . the BAL govt didn't do anything as majority of the occupiers were the BAL party leaders and workers. Now, after the 36 July revolution, the situation of Salanga hasn't changed much. So, I request the authority to taka necessary steps regarding this issue. Hope that this govt will do, what should have been done years ago. I am just requesting to so what is right. Please taka necessary steps to save the river and as well as punish those who are guilty. এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। অভিযোগের প্রেক্ষিতে মতামত এই যে, সিরাজগঞ্জ জেলার সলঙ্গা থানাধীন সলঙ্গা বাজারে পূর্ব পাশ দিয়ে গাড়ুদাহ নদী প্রবাহমান। নদীতে বর্তমানে পানি নেই। স্থানীয় অনেকেই সেখানে বীজ বপন করেছে। কোন কোন স্থানে স্থানীয় প্রভাবশালী নদীর একটি অংশ ভরাট করে দোকানপাট নির্মাণ করেছেন। স্থানীয় সরকার বিভাগও নদী দখল করে ব্রীজ/কালভার্ট নির্মান করেছে। উক্ত নদীটি বাঘাবাড়ী নদী বন্দরের বন্দর সীমানা (Port limit) হতে ৫০/৫৫ কিলোমিটার দূরে হওয়ায় তা বিআইডব্লিউটিএ'র নিয়ন্ত্রণে নয়। উক্ত নদীটি সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলার সহকারী কমিশনার (ভূমি), রায়গঞ্জ এর নিয়ন্ত্রণাধীন। এ প্রেক্ষিতে সিরাজগঞ্জ জেলার সলঙ্গা থানাধীন সলঙ্গা বাজারে পূর্ব পাশ দিয়ে গাড়ুদাহ নদীতে স্থানীয় প্রভাবশালী কর্তৃক নদী দখল ও ভরাট করার অভিযোগের বিষয়ে বিআইডব্লিউটিএ'র এখতিয়ার না থাকায় জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর নিকট অভিযোগ প্রতিকারের প্রার্থনা করতে পারেন। সুতরাং, অভিযোগটি নিষ্পত্তি করা হলো। এমতাবস্থায়, গত ১৭/০৩/২০২৫ তারিখ অভিযোগটি অনলাইনে নিষ্পত্তি করে নথিজাত করা হয়। | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ০৪। ট্রাকিং নম্বর-১৮৭৭৭৬৪১২৮০০০১ তারিখঃ ০৫/০২/২০২৫ এর মাধ্যমে নাম প্রকাশে অনিচ্ছুক কর্তৃক বিআইডব্লিউটিএ’র অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress System-GRS) আওতায় একটি অভিযোগ দাখিল করা হয়। অভিযোগ পত্রে উল্লেখ করা হয় যে, পরিবারের হাল ধরার জন্য তিনি মেরিন এ পড়াশুনা করেছেন। বর্তমানে মার্চেন্ট নেভিতে আসা বন্ধ করে দিয়েছে। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। অভিযোগের প্রেক্ষিতে মতামত এই যে, বিআইডব্লিউটিএ’র নাবিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে কোন ডিপ্লোমা সনদ প্রদান করা হয় না। সুতরাং ডিপ্লোমা সনদধারীগণের চাকুরীর বিষয়টি অত্র সংস্থার সেবার মধ্যে পড়ে না। প্রত্যেক কোম্পানীর চাকুরীতে নিয়োগ, বদলি ও পদোন্নতি কোম্পানীর নিজস্ব নিয়ম অনুযায়ী হয়ে থাকে এতে বিআইডব্লিউটিএ’র কোন ভূমিকা নেই। তাছাড়া নৌযানে সঠিক নাবিক সংখ্যা আছে কিনা তা নৌপরিবহন অধিদপ্তর তদারকি করে থাকে। এমতাবস্থায়, গত ১৩/০৩/২০২৫ তারিখ অভিযোগটি অনলাইনে নিষ্পত্তি করে নথিজাত করা হয়। | |

নামঃ কাজী ওয়াকিল নওয়াজ
পদবীঃ পরিচালক(প্রশাসন ও মানবসম্পদ)
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা(অনিক)
ফোন-০২২২৩৩৮৪৬৩৪
ই-মেইল dadmin@biwta.gov.bd
বিআইডব্লিউটিএ’র হট লাইন-১৬১১৩

মোঃ আহসান হাবীব
সহকারী সমন্বয় কর্মকর্তা
বিভাগীয় মামলা সেল

(নাহিদা বিনতে সাঈদ)
উপ-পরিচালক (মানব সম্পদ)
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

(মোহাম্মদ মিজানুর রহমান)
যুগ্মপরিচালক (মানব সম্পদ)
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

মোঃ কবির হোসেন
অতিরিক্ত পরিচালক
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।